



গৃহায়ন ঋণ কার্যক্রম বিষয়ক কর্মশালা

পৃষ্ঠা ০২



বিনামূল্যে মেডিসিন স্বাস্থ্য ক্যাম্প

পৃষ্ঠা ০৩

নাজিদা খাতুন - একজন প্রেরণার মশাল

১৯৯৮

সেই সময় দেশের নারী সাক্ষরতার হার মাত্র ৪৭.৬%, গ্রামীণ অঞ্চলে তা ছিল ৩৯%। নাজিদা যখন ডিগ্রি পাস করলেন, তা কেবল শিক্ষাগত অর্জন নয়, বৈষম্যের শৃঙ্খল ভাঙার মহাকাব্য কারণ তখন মাত্র ২৬% নারী উচ্চশিক্ষায় অংশগ্রহণ করতো।



২০০৭-২০১০

বাংলাদেশে তখন প্রায় ৬ কোটি মানুষ দারিদ্র্য সীমানার নিচে। ক্ষুদ্রঋণ কার্যক্রমে পরীক্ষামূলকভাবে মাঠে নারী কর্মীর সংখ্যা ছিল অল্প। কিন্তু নাজিদা থামেননি; তিনি পৌঁছালেন গ্রামের প্রতিটি ঘরে, হয়ে উঠলেন “পদক্ষেপ এর আপা”। তিনি কেবল ঋণ বিতরণ করেননি বরং বিতরণ করেছেন আস্থা, মর্যাদা ও স্বপ্নের আলো, দেখিয়েছেন নারীও পারে অর্থনৈতিক পরিবর্তনের কেন্দ্রবিন্দু হয়ে উঠতে।



২০১০-২০১৮

দেশে ক্ষুদ্রঋণ গ্রাহক সংখ্যা বেড়ে দাঁড়ায় প্রায় ২ কোটি পরিবার, ঋণ বিতরণ দাঁড়ায় প্রায় ৪৫০ বিলিয়ন টাকা। নাজিদা প্রাণপণে কাজ করে পেলেন জীবনের প্রথম পদোন্নতি। তার খাতা ও কলম হয়ে উঠল গ্রামের নারীর আশার দিনলিপি, যেখানে প্রতিটি সই মানে নতুন স্বপ্নের জন্ম, প্রতিটি কিস্তি মানে সংগ্রামের গল্প।



২০১৮-২০২২

ক্ষুদ্রঋণ তখন জাতীয় অর্থনীতির GDP-তে ২.৬% অবদান রাখতে শুরু করেছে আর নাজিদা নতুন কর্মসূহায় ব্রাঞ্চ ম্যানেজার হিসেবে যোগদান করলেন। তার ব্রাঞ্চ ছিল নারীর স্বপ্নের কারখানা, যেখানে ঋণ মানে সম্ভাবনার দরজা, আর কিস্তি মানে আত্মনির্ভরতার পথে হাঁটা।



২০২২

বাংলাদেশ মধ্যম আয়ের দেশে প্রবেশ করেছে; নারীর শ্রমশক্তিতে অংশগ্রহণ বেড়ে দাঁড়িয়েছে ৩৮% এরও বেশি। আর সেই সাথে এরিয়া ম্যানেজার হিসেবে নাজিদার কাছে দায়িত্ব পড়লো বহু শাখা, শতাধিক কর্মী ও হাজারো গ্রাহক। তার কণ্ঠস্বর এখন অফিসের সীমানার বাইরে, অসংখ্য নারীর প্রেরণার মশাল।





গৃহায়ন ঋণ কার্যক্রম বিষয়ক কর্মশালা

বাংলাদেশ ব্যাংকের গৃহায়ন তহবিলের সহযোগিতায় জুলাই ২০২৫ থেকে গৃহঋণ কার্যক্রম শুরু করেছে পদক্ষেপ, যা দেশের দরিদ্র জনগোষ্ঠীর গৃহায়ন সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। গত ৭ সেপ্টেম্বর ২০২৫, কক্সবাজার জেলার হোটেল গোল্ডেন হিল-এ “গৃহায়ন তহবিল কার্যক্রম বিষয়ক কর্মশালা” অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পদক্ষেপ এর নির্বাহী পরিচালক মোঃ সালেহ বিন সামস। প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের পরিচালক ও গৃহায়ন তহবিলের ফান্ড ম্যানেজার জনাব কামরুজ্জামান। বিশেষ

অতিথি ছিলেন সংস্থার শিক্ষা উপদেষ্টা ড. মোঃ রফিকুল ইসলাম, বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক সৈয়দ মোক্তার আলম, যুগ্ম পরিচালক মোঃ আনিসুজ্জামান এবং সংস্থার উপ-পরিচালক আবুল কালাম আজাদ। কর্মশালায় গৃহায়ন ঋণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা নিয়ে উপস্থাপনা, পরবর্তী কার্যক্রম এবং উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। এছাড়াও বিভিন্ন জোন থেকে আগত জোনাল ম্যানেজার, এরিয়া ম্যানেজার, ব্রাঞ্চ ম্যানেজারসহ সংশ্লিষ্ট কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।



গৃহায়ন তহবিলের মতবিনিময় সভা

খাগড়াছড়ি জেলার মাটিরাঙ্গায় আইডিএফ ইনোভেশন হাব-এ গত ২৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখে বাংলাদেশ ব্যাংকের গৃহায়ন তহবিলের উদ্যোগে চট্টগ্রাম, নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর জেলার এনজিও প্রতিনিধি ও উপকারভোগীদের সাথে সরাসরি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন গৃহায়ন তহবিলের স্টিয়ারিং কমিটির সদস্য এবং ‘আইডিএফ’ এর নির্বাহী পরিচালক জহিরুল আলম। বিশেষ অতিথি ছিলেন, গৃহায়ন তহবিলের স্টিয়ারিং কমিটির সদস্য ও পদক্ষেপ

এর নির্বাহী পরিচালক মোঃ সালেহ বিন সামস। সভার সভাপতিত্ব করেন বাংলাদেশ ব্যাংক এর পরিচালক ও তহবিলের ফান্ড ম্যানেজার কামরুজ্জামান। সভায় উপকারভোগীদের অভিজ্ঞতা, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ সম্ভাবনা নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়।

প্যালেডিয়াম

নিরাপদ স্ট্রিট ফুড মার্কেট



প্যালেডিয়াম প্লেট

আপনি জানেন কি, আমরা যে বার্গার আজ এত সহজভাবে খাই, তার শুরুটা হয়েছিল জার্মানির হামবুর্গ শহরে “হামবুর্গ স্টেক” নামে এক ধরনের কিমা মাংস দিয়ে। পরে জার্মান অভিবাসীরা এটি আমেরিকায় নিয়ে যায় এবং দুই টুকরো পাউরুটির মাঝে মাংস রেখে তৈরি করে আজকের বার্গার। ১৯০৪ সালের সেন্ট লুইস ওয়ার্ল্ড ফেয়ারে প্রথমবারের মতো এটি আলোচনায় আসে এবং ১৯২৯ সালে হোয়াইট ক্যাসল নামের ফাস্টফুড চেইন একে সবার নাগালে পৌঁছে দেয়। এরপর ম্যাকডোনাল্ডস, বার্গার কিং, ওয়েডিজের হাত ধরে বার্গার হয়ে ওঠে বিশ্বব্যাপী ফাস্টফুডের প্রতীক। মজার ব্যাপার হলো, নামের মধ্যে “Ham” থাকলেও বার্গারে কোনো “Ham” নেই; নামটি এসেছে হামবুর্গ শহর থেকে। আজ পৃথিবীতে প্রতি বছর প্রায় ৫০ বিলিয়ন বার্গার খাওয়া হয়, যা একে গ্লোবাল কালচারের এক অনন্য প্রতীক বানিয়েছে।



সেপ্টেম্বর ২০২৫ মাসে 'রেমিটেন্স' লেনদেন সংক্রান্ত তথ্য



সুবিধাভোগী
৩৭৩
জন



অর্থ প্রদান
১১.০৮
মিলিয়ন টাকা

এ পর্যন্ত সুবিধাভোগী
১৬৫,৫৭১
জন

এ পর্যন্ত অর্থ প্রদান
৫,৩৪৩.৭৪
মিলিয়ন টাকা

'সমৃদ্ধি কর্মসূচি' বিভিন্ন উন্নয়ন কার্যক্রম



স্যাটেলাইট ক্লিনিক

পদক্ষেপ এর সমৃদ্ধি কর্মসূচির আওতায় গৌরারং ইউনিয়নে স্বাস্থ্য কার্যক্রমের অংশ হিসেবে দুটি স্যাটেলাইট ক্লিনিক অনুষ্ঠিত হয়েছে। প্রথমটি অনুষ্ঠিত হয় ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে, ৪ নং ওয়ার্ডে। ক্লিনিকে মোট ৪৮ জন রোগী চিকিৎসাসেবা গ্রহণ করেন। এ সময় ক্লিনিকে উপস্থিত ছিলেন ওয়ার্ড মেম্বার মো: আব্দুল মতিন, উপজেলা সহকারী সমন্বয়কারী মো: জাহেদুল ইসলাম এবং স্বাস্থ্য কর্মকর্তা দীপংকর মালেকার প্রমুখ। দ্বিতীয়টি গত ২২ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ৫ নং ওয়ার্ডের

উমেদশ্রী গ্রামে আরেকটি স্যাটেলাইট ক্লিনিক অনুষ্ঠিত হয়। এতে মোট ৩৭ জন রোগী চিকিৎসাসেবা গ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওয়ার্ড মেম্বার মো: আয়ুব আলী, উপজেলা সহকারী সমন্বয়কারী মো: জাহেদুল ইসলাম এবং স্বাস্থ্য কর্মকর্তা দীপংকর মালেকার।

স্যাটেলাইট ক্লিনিক দুটিতে চিকিৎসা সেবা প্রদান করেন সুনামগঞ্জ সদর হাসপাতালের মেডিকেল অফিসার ডা. মো. শফিকুল ইসলাম।

বিনামূল্যে মেডিসিন স্বাস্থ্য ক্যাম্প



বড়লেখা উপজেলার তালিমপুর ইউনিয়নের হাকালুকি উচ্চ বিদ্যালয়ে সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় গত ২৬ সেপ্টেম্বর ২০২৫ তারিখে বিনামূল্যে মেডিসিন বিষয়ক একটি স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্পে মোট ১৮০ জন রোগীকে চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ওষুধ-পত্র প্রদান করা হয়। এতে চিকিৎসাসেবা প্রদান করেন বড়লেখা

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. নাজমুল হাসান এবং ডা. আব্দুল্লাহ আল মামুন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তালিমপুর ইউনিয়ন পরিষদের ইউপি সদস্য খয়রুল হক, সমৃদ্ধি কর্মসূচির উপজেলা সমন্বয়কারী শ্রী নন্দন বর্মণ, সহকারী উপজেলা সমন্বয়কারী সবুজ কান্তি তালুকদারসহ অন্যান্য কর্মীবৃন্দ। ক্যাম্প পরিচালনায় ছিলেন স্বাস্থ্য কর্মকর্তা তন্ময় দাস এবং স্বাস্থ্য পরিদর্শকবৃন্দ।



সুরক্ষার প্রমিস

বাংলাদেশে প্রতিবছর বর্ষা (জুন-সেপ্টেম্বর) এবং শীতকালে সিজনাল ইনফ্লুয়েঞ্জা বেশি দেখা যায়। এটি ভাইরাসজনিত শ্বাসযন্ত্রের সংক্রমণ, যা সাধারণ সর্দি-কাশির মতো মনে হলেও অবহেলা করলে জটিলতা তৈরি করতে পারে।

সাধারণ উপসর্গ

- হঠাৎ উচ্চ জ্বর
- গলা ব্যথা ও কাশি
- মাথা ও শরীর ব্যথা
- অতিরিক্ত ক্লান্তি
- শিশুদের ক্ষেত্রে কখনো ডায়রিয়া বা বমি
- নাক দিয়ে পানি পড়া বা হাঁচি
- চোখ চুলকানো বা লাল হয়ে যাওয়া
- গলায় খুসখুসে কাশি
- ত্বকে চুলকানি, ফুসকুড়ি বা লালচে দাগ

প্রতিকার

- প্রচুর তরল পানীয় খাওয়া এবং বিশ্রাম নেওয়া
- জ্বর বা ব্যথা কমানোর জন্য ডাক্তারের পরামর্শমতো ওষুধ গ্রহণ
- হালকা, সহজপাচ্য খাবার খাওয়া
- উপসর্গ বেড়ে গেলে বা শ্বাসকষ্ট দেখা দিলে দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হওয়া



'আরএমটিপি' প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম



গোপালগঞ্জে আরএমটিপি প্রকল্পের আওতায় ক্ষুদ্র উদ্যোক্তাদের সোশ্যাল মিডিয়া মার্কেটিং প্রশিক্ষণ

গোপালগঞ্জ জেলা সদরের ফুডল্যান্ড রেস্টুরেন্ট ও পার্টি সেন্টারে সেপ্টেম্বর মাসে ক্ষুদ্র উদ্যোক্তা/উৎপাদনকারীদের জন্য “ফেসবুক পেইজ ও কন্টেন্ট প্রস্তুত” বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ইফাদ ও ড্যানিডা এর অর্থায়নে, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর কারিগরি সহযোগিতায় এবং পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নে রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি) এর উপ-প্রকল্প “নিরাপদ মৎস্যপণ্য উৎপাদন ও বাজারজাতকরণ” এর আওতায় প্রশিক্ষণটির আয়োজন করা হয়। তিনটি ব্যাচে মোট ৬০ জন উদ্যোক্তা এতে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে

ফেসবুক, ইনস্টাগ্রাম, ইউটিউবসহ বিভিন্ন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে কন্টেন্ট তৈরি ও প্রচার, গ্রাহক সংযোগ বৃদ্ধি, ব্র্যান্ড সচেতনতা গঠন এবং বিক্রয় বৃদ্ধির কৌশল হাতে-কলমে শেখানো হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন ভিভো বাংলাদেশের লিড প্রোডাক্ট ডেভেলপমেন্ট অ্যান্ড মার্কেটিং অফিসার মো. জাহিদুল ইসলাম। উল্লেখ্য, পদক্ষেপ ২০২২ সাল থেকে গোপালগঞ্জ জেলার ৫টি উপজেলায় ‘আরএমটিপি’ প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পের আওতায় প্রায় ৯,০০০ জন মৎস্যচাষি নিরাপদ উৎপাদন, বাজার উন্নয়ন, উদ্যোক্তা আয় বৃদ্ধি ও নতুন কর্মসংস্থান সৃষ্টিতে যুক্ত রয়েছেন।

মৎস্য উদ্যোক্তাদের অনুদান সহায়তা স্বরূপ চেক বিতরণ

গোপালগঞ্জের মৎস্য উদ্যোক্তাদের জীবনমান উন্নয়নে ২০২২ সাল থেকে ‘আরএমটিপি’ প্রকল্প বাস্তবায়ন করছে পদক্ষেপ। এরই ধারাবাহিকতায় সেপ্টেম্বর ২০২৫ মাসে ১৮ জন উদ্যোক্তাকে বিভিন্ন খাতে অনুদান সহায়তা বাবদ মোট ৮.৪০ লক্ষ টাকার চেক বিতরণ করা হয়। সহায়তার মধ্যে ছিল সোলার বেসড আইওটি ডিভাইস, নার্সারি প্রদর্শনী, বিকল্প কর্মসংস্থান, ফার্ম মেকানাইজেশন, প্রোবায়োটিক, আধা নিবিড় প্রদর্শনী এবং রেডি-টু-ইট ইত্যাদি কার্যক্রম। উপকারভোগীরা জানান, এ অনুদান তাদের ব্যবসা সম্প্রসারণ, বিকল্প আয় সৃষ্টি ও নতুন পণ্য উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



নিরাপদ মৎস্যপণ্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে ব্যবসায়ী ও সংশ্লিষ্ট এক্টরদের নিয়ে বাজার সংযোগ কর্মশালা

ইফাদ ও ড্যানিডা’র অর্থায়নে, পিকেএসএফ এর সহায়তায় এবং পদক্ষেপ কর্তৃক বাস্তবায়িত ‘আরএমটিপি’ প্রকল্পের উপ-প্রকল্প “নিরাপদ মৎস্যপণ্য উৎপাদন ও বাজারজাতকরণ” এর আওতায় গত ১৭ ও ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে কোটালীপাড়া উপজেলার ঘাঘড় বাজারে ‘বাজার সংযোগ’ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় মৎস্য চাষি, পরিবহনকারী, আড়তদার, পুকের মালিক, ফিড ব্যবসায়ী এবং রেডি-টু-কুক ও রেডি-টু-ইট উদ্যোক্তাসহ ৫০ জন অংশ নেন। এতে বাজারে মৎস্যপণ্যের চাহিদা, মূল্য নির্ধারণ, পরিবহণ ব্যবস্থা, বাজারের অবস্থান ও সংশ্লিষ্ট পক্ষের সমন্বয় নিয়ে আলোচনা করা হয়। উদ্যোক্তারা তাদের ব্যবসায়িক বিষয়ক বিভিন্ন সমস্যা লিখিতভাবে উপস্থাপন করেন। উক্ত কর্মশালায় প্রকল্পের বিভিন্ন কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।



সেপ্টেম্বর ২০২৫ মাসের কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান সংক্রান্ত তথ্য

বিবরণ	ধরন	সেপ্টেম্বর ২০২৫	
		জন	টাকা
ফেরত প্রদান	সিপিএফ	২৪	৩৯,৪৯,৫৯৬/-
	কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বিমা প্রোগ্রাম	২৫	৯,১৬,৭৪২/-
	কর্মী কল্যাণ তহবিল	২৫	১,৯৪,২৯৪/-
অনুদান প্রদান	কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বিমা প্রোগ্রাম	৩৬	৬,৭২,৭৮৩/-
	কর্মী কল্যাণ তহবিল	৫২	৯,৭৮,৬৭৯/-

'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম



মানসিক রোগীর স্বাস্থ্য বিষয়ক ক্যাম্প

মানসিক রোগীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও সঠিক চিকিৎসা নিশ্চিত করা সমাজের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব। পদক্ষেপ এই লক্ষ্যকে সামনে রেখে নিয়মিতভাবে স্বাস্থ্যসেবা ক্যাম্প আয়োজন করে থাকে। পদক্ষেপ এর উদ্যোগে পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে কিশোরগঞ্জ জেলার নিকলী উপজেলায় মানসিক রোগীর স্বাস্থ্যসেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়। এতে নিকলী সদর, কারপাশা ও ছাতিরচর ইউনিয়নের মোট ২০

জন রোগীকে বিনামূল্যে চিকিৎসাসেবা ও বিভিন্ন পরামর্শ প্রদান করেন ডা. মো: জুরাদি আদম। রোগীর অভিভাবকরা জানান, দীর্ঘদিন পর সঠিক চিকিৎসা পেয়ে তারা সন্তুষ্ট। এ ক্যাম্পে মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা তৈরি, নিয়মিত চিকিৎসা গ্রহণের প্রয়োজনীয়তা এবং পরিবারের সহায়ক ভূমিকা নিয়েও আলোচনা করা হয়। উপস্থিত পরিবারগুলো জানান, পদক্ষেপ এর এই উদ্যোগ তাদের জন্য আশীর্বাদ স্বরূপ।

পথনাটক প্রদর্শনী

সমাজ সচেতনতা বৃদ্ধির জন্য সৃজনশীল ও বিনোদনমূলক পদ্ধতি অত্যন্ত কার্যকর। পথনাটকের মাধ্যমে জনগণ সরাসরি বার্তা গ্রহণ করে এবং পরিবর্তনের জন্য উদ্বুদ্ধ হয়। ১৭ - ২০ সেপ্টেম্বর ২০২৫ নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলার বিভিন্ন ইউনিয়নে পদক্ষেপের পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় মোট ৮টি পথনাটক প্রদর্শিত হয়। দারিদ্র্য বিমোচন, পুষ্টি, প্রতিবন্ধিতা, নারীর ক্ষমতায়ন ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আয়োজিত এসব নাটক সরাসরি প্রায় ১৪,০০০ মানুষকে উদ্বুদ্ধ করে। স্থানীয় জনগণ পথনাটকগুলোতে ব্যাপক সাড়া দেন এবং অনুষ্ঠান শেষে আলোচনা সভায় অংশগ্রহণ করে নিজেদের অভিজ্ঞতা শেয়ার করেন। নাটকের প্রাণবন্ত উপস্থাপনা সচেতনতার পাশাপাশি বিনোদনের আমেজও সৃষ্টি করে।



উপজেলা পর্যায়ে সরকারি বিদ্যমান সেবাসমূহ অবহিতকরন সম্পর্কিত ওরিয়েন্টেশন



সরকারি বিভিন্ন সেবা সম্পর্কে জনগণকে সচেতন করা দরিদ্র ও ক্ষুদ্র জনগোষ্ঠীর জীবনে বড় প্রভাব ফেলে। পদক্ষেপ এর উদ্যোগে অংশগ্রহণকারীরা জানতে পারেন কোথায় কী ধরনের সহায়তা পাওয়া যাবে। গত ২ সেপ্টেম্বর ২০২৫ তারিখে কিশোরগঞ্জের অষ্টগ্রাম উপজেলা কৃষি অফিসে সরকারি বিদ্যমান সেবাসমূহ অবহিতকরণ বিষয়ক ওরিয়েন্টেশনটি অনুষ্ঠিত হয়। এতে মৎস্য, কৃষি ও প্রাণিস্পন্দ কর্মকর্তারা সেবাসমূহ উপস্থাপন

করেন। মোট ৩০ জন (নারী ২০, পুরুষ ১০) অংশগ্রহণ করেন। এসময় জানানো হয়, ইতিমধ্যে পদক্ষেপ এর প্রকল্পভুক্ত প্রায় ২৫০ জন সদস্য দপ্তরগুলোর বিভিন্ন সেবা গ্রহণ করেছেন। অংশগ্রহণকারীরা বলেন, আগে এসব সেবার কথা জানতেন না, এখন সহজে কোথায় গেলে কী সহায়তা পাওয়া যাবে সে সম্পর্কে তারা জানেন। ফলে দারিদ্র্য বিমোচন ও উৎপাদন বৃদ্ধিতে এসব সেবা আরও কার্যকর হবে।

বিশেষায়িত গাইনি ও শিশু স্বাস্থ্য ক্যাম্প

নারী ও শিশু স্বাস্থ্য সুরক্ষা সমাজের দীর্ঘমেয়াদি উন্নয়নের জন্য অপরিহার্য। পদক্ষেপ নিয়মিত বিশেষায়িত স্বাস্থ্য ক্যাম্প আয়োজন করে থাকে মূলত উক্ত লক্ষ্য পূরণের জন্য। এ লক্ষ্যে গত ১৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে নিকলী সদর ইউনিয়নে 'গাইনি ও শিশু স্বাস্থ্য' ক্যাম্প অনুষ্ঠিত হয়। এতে ১৩৩ জন নারী স্বাস্থ্যসেবা গ্রহণ করেন। ক্যাম্পটি পরিচালনা করেন নিকলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সহকারী সার্জন ডা. তানজিনা আফরিন। রোগীদের বিনামূল্যে প্রেসক্রিপশন, ওষুধ ও প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার পরামর্শ দেওয়া হয়। উপস্থিত নারীরা জানান, এতো সহজে এ ধরনের সেবা তারা আগে পাননি। ক্যাম্প শেষে ফলোআপ চিকিৎসার জন্য স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রের সাথে যোগাযোগ রাখার পরামর্শ দেওয়া হয়।





পুষ্টিকর খাবার তৈরির উপকরণ প্রদান

শিশুর পুষ্টির অভাব তার শারীরিক ও মানসিক বিকাশে প্রভাব ফেলে। পদক্ষেপ শিশুদের সুস্থ ও শক্তিশালী হওয়ার জন্য খাদ্য ও পুষ্টি সহায়তা প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় গত ৮, ১৪ ও ১৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখে নিকলী উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৬ জন অপুষ্টি শিশুর পরিবারকে পুষ্টি খিচুড়ি ও হালুয়া তৈরির উপকরণ প্রদান করা

হয়। পাশাপাশি মা'দের রেসিপি ও রান্নার কৌশলও শেখানো হয়, যাতে শিশুরা পর্যাপ্ত ক্যালরি ও পুষ্টি পায়। এ সময় স্বাস্থ্যকর্মীরা শিশুর ওজন ও বৃদ্ধির অগ্রগতি নথিভুক্ত করেন। অভিভাবকরা জানান, পদক্ষেপ এর এই সহায়তা তাদের সন্তানদের সুস্থভাবে বড় হতে সহায়ক হবে।

সবজির বীজ বিতরণ



খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিত করতে সম্প্রদায়ের মধ্যে সবজি চাষ ও বীজ সরবরাহ অপরিহার্য। পদক্ষেপ নিয়মিত বীজ বিতরণ কার্যক্রম পরিচালনা করে। পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারে রবি মৌসুমে ১৪ ইউনিয়নের ১,২৫০টি পরিবারের মাঝে ৯ ধরনের সবজির বীজ বিতরণ করা হয়। এরমধ্যে, পালং ও লালশাক, মূলা, লাউ, মিষ্টিকুমড়া, ধুন্দল, শিম, বেগুন ও বরবটি। কৃষকদের বীজ বপন পদ্ধতি, সেচ ও সার ব্যবস্থাপনা বিষয়ে দিকনির্দেশনা দেওয়া হয়। পরিবারগুলো জানান, পদক্ষেপ এর এই সহায়তা তাদের পরিবারের পুষ্টি চাহিদা পূরণে বড় ভূমিকা রাখবে।

পুষ্টি মেলা ও ক্রীড়া প্রতিযোগিতা



পুষ্টি ও শারীরিক সুস্থতা বৃদ্ধির জন্য শিক্ষামূলক বিনোদন কার্যক্রম শিশু ও সাধারণ জনগণের জন্য গুরুত্বপূর্ণ। ৯ ও ১৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখে নিকলীর দামপাড়া ও অফগ্রামের কান্দুল ইউনিয়নে পুষ্টি মেলা ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। 'সঠিক পুষ্টিতে, সুস্থ জীবন' প্রতিপাদ্যে আয়োজিত মেলায় স্যাটেলাইট ক্লিনিক, কুইজ, ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। শিশু, নারী ও প্রবীণসহ বিভিন্ন বয়সের মানুষ অংশ নিয়ে পুষ্টি বিষয়ে জ্ঞান অর্জন করেন। মেলার প্রাণবন্ত পরিবেশ স্থানীয়দের মাঝে উৎসবের আবহ সৃষ্টি করে।

ফিস্টুলা সচেতনতা ক্যাম্পেইন



প্রসবজনিত ফিস্টুলা প্রতিরোধ ও চিকিৎসার বিষয়ে সচেতনতা বাড়ানো নারী স্বাস্থ্য সুরক্ষার গুরুত্বপূর্ণ অংশ। ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে নিকলী'র সদর ইউনিয়নে ফিস্টুলা সচেতনতামূলক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। এতে র‍্যালি, পোস্টার, লিফলেট ও আলোচনা সভার মাধ্যমে সচেতনতা ছড়িয়ে দেওয়া হয়। এ সময় ৫ জন ফিস্টুলা রোগী চিহ্নিত করে কিশোরগঞ্জ সদর হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা করা হয়। অংশগ্রহণকারীরা জানান, আগে ফিস্টুলা সম্পর্কে তারা তেমন কিছু জানতেন না, এ অনুষ্ঠানের মাধ্যমে তারা অনেক কিছু জানতে পেরেছেন।

কিশোরী ক্লাবে স্যানিটারি ন্যাপকিন সরবরাহ ও সচেতনতা বৃদ্ধিমূলক সভা

কিশোরী ও নারীর প্রজনন স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি তাদের সুস্থ ও স্বাধীন জীবনের জন্য অপরিহার্য। পদক্ষেপ এর কার্যক্রম এই সচেতনতা বৃদ্ধিতে সহায়ক। ১৩ ও ২০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে মিঠামইন উপজেলার ঘাগড়া ও কেওয়ারজোড় ইউনিয়নের কিশোরী ক্লাবে স্যানিটারি ন্যাপকিন সরবরাহ ও সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়। মোট ৫৮ জন কিশোরী অংশ নেয়। সভায় ঋতুসাবকালীন স্বাস্থ্যবিধি ও ন্যাপকিন ব্যবহারের গুরুত্ব তুলে ধরা হয়। কিশোরীরা খোলামেলা আলোচনা করে নিজেদের অভিজ্ঞতা জানায় এবং নিয়মিত স্বাস্থ্য সচেতন হওয়ার অঙ্গীকার করে। স্থানীয় নারীরা জানান, পদক্ষেপ এর এ ধরনের কার্যক্রম মেয়েদের আত্মবিশ্বাস বাড়াতে সহায়ক।



সেপ্টেম্বর মাসে 'পিআইডিএম' থেকে সেবা গ্রহণ সংক্রান্ত তথ্য

সংস্থার সংখ্যা	সভা/পরীক্ষা/কর্মশালা	ট্রেনিং সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা
৩৯	০৯	০৯	৫৭৭



আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের আওতায় বিভিন্ন অনুদান ও উপকরণ বিতরণ

ক্ষুদ্র উদ্যোক্তা ও পরিবারের আয় বৃদ্ধি করতে প্রাণিসম্পদ কার্যক্রম সহায়ক ভূমিকা রাখে। পদক্ষেপ এর পিপিইপিপি-ইইউ প্রকল্প হাঁস পালনের মাধ্যমে অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি করে। ১৫ সেপ্টেম্বর ২০২৫ কিশোরগঞ্জের অষ্টগ্রাম উপজেলার কান্ডুল ইউনিয়নে ৮ জন সদস্যকে ২৮০টি ডিম পাড়া হাঁস ও

৪০টি হাঁসের বাচ্চা প্রদান করা হয়। সাথে হাঁস পালনের ঘর, ক্রুডার, বালু, খাবার ও পানির পাত্র দেওয়া হয়। উপকারভোগীরা জানান, পদক্ষেপ এর এই সহায়তা তাদের আর্থিক স্বনির্ভরতায় সহায়ক হবে। প্রকল্প কর্মীরা নিয়মিত ফলোআপ করে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করবেন।

সেলাই প্রশিক্ষণ কার্যক্রম

কারিগরি দক্ষতা অর্জনের মাধ্যমে নারী ও দরিদ্র জনগোষ্ঠীর স্বাবলম্বীতা বৃদ্ধিতে সহায়তা করা হয়। গত ২৭ আগস্ট থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত অষ্টগ্রাম উপজেলার কান্ডুল, পূর্ব অষ্টগ্রাম ও বাঙ্গালপাড়া ইউনিয়নে ২৫ জন সদস্যকে মাসব্যাপী সেলাই প্রশিক্ষণ দেওয়া হয়েছে। প্রশিক্ষণ শেষে প্রত্যেককে একটি করে সেলাই মেশিন প্রদান করা হয়। এছাড়া গত ২৩ সেপ্টেম্বর কার্যক্রমটি পরিদর্শন করেন পদক্ষেপ এর সংশ্লিষ্ট জোনের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীরা নিজস্ব ব্যবসা শুরু করার সুযোগ পাবেন, যাতে তাদের আয়ের নতুন দিগন্ত খুলে দেবে।



'আইসিটিসি' প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম



অভিভাবক সভা

শিশুর প্রারম্ভিক বিকাশ, সুরক্ষা ও সুস্থ বেড়ে ওঠা নিশ্চিত করতে অভিভাবক, পরিবার ও কমিউনিটির সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশ শিশু একাডেমীর সহযোগিতায় পদক্ষেপ বাস্তবায়ন করছে সমাজভিত্তিক সমন্বিত শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ ও

সুরক্ষা এবং সঁতার প্রদান (আইসিটিসি) প্রকল্প। প্রকল্পের আওতায় দেশের বিভিন্ন জেলায় অভিভাবক সভার আয়োজন করা হচ্ছে, যাতে শিশুর বিকাশে অভিভাবকদের জ্ঞান ও সম্পৃক্ততা আরও জোরদার হয়। এরই অংশ হিসেবে গত ১২ আগস্ট ২০২৫ তারিখে নরসিংদী জেলার মনোহরদী উপজেলায় এবং গত ৭

সেপ্টেম্বর ২০২৫ তারিখে লক্ষ্মীপুর জেলার সদর, কমলনগর ও রামগতি উপজেলায় অভিভাবক সভা অনুষ্ঠিত হয়। নরসিংদীর সভায় মোট ১২টি সেশন আয়োজন করা হয়, যেখানে অভিভাবকদের শিশুযত্ন কেন্দ্রের কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়। এছাড়া শিশুর সাথে গুণগত সময় কাটানো, খেলাধুলার মাধ্যমে শিক্ষা গ্রহণ, বয়স উপযোগী যত্ন ও পরিচর্যা এবং ইতিবাচক প্যারেনটিং বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এতে অভিভাবকরা ১৫ বছরের শিশুদের নিয়মিত শিশুযত্ন কেন্দ্রে পাঠানোর প্রয়োজনীয়তা এবং ৬-১০ বছরের শিশুদের সঁতার শিক্ষার গুরুত্ব সম্পর্কে ধারণা লাভ করেন। অন্যদিকে লক্ষ্মীপুর জেলায় একযোগে অনুষ্ঠিত সভাগুলোতে ৫০০ জন শিশুযত্ন কেন্দ্রের অভিভাবক, যত্নকারী, সহকারী যত্নকারী, গ্রাম ব্যবস্থাপনা কমিটির সদস্য ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন। সভাগুলোতে প্রকল্প সুপারভাইজার ও ইসিটিসি অফিসারবৃন্দ উপস্থিত থেকে শিশুর প্রারম্ভিক বিকাশ, স্বাস্থ্য, পুষ্টি, সুরক্ষা, শিশুযত্ন কেন্দ্র পরিচালনা এবং অভিভাবকদের দায়িত্ব ও সহযোগিতার বিষয়গুলো নিয়ে দিকনির্দেশনা প্রদান করেন। বিশেষভাবে শিশুদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে অভিভাবকদের সক্রিয় ভূমিকার ওপর গুরুত্বারোপ করা হয়। এই অভিভাবক সভাগুলোর মাধ্যমে নরসিংদী ও লক্ষ্মীপুর জেলার পরিবার, কমিউনিটি ও শিশুযত্ন কেন্দ্রের মধ্যে একটি কার্যকর সেতুবন্ধন তৈরি হয়। একইসাথে শিশুর অধিকার রক্ষা, দুর্বে মৃত্যু ও অন্যান্য ইনজুরি প্রতিরোধ, প্রারম্ভিক উদ্দীপনা ও শেখার পরিবেশ তৈরি এবং সার্বিক বিকাশে অভিভাবকদের ভূমিকা আরও স্পষ্ট ও দৃঢ় হয়।



ক্লাস্টার সভা

শিশুর প্রারম্ভিক বিকাশ, যত্ন ও সুরক্ষা নিশ্চিত করতে নিয়মিত অভিজ্ঞতা বিনিময় ও দক্ষতা উন্নয়ন অপরিহার্য। এ লক্ষ্য সামনে রেখে বাংলাদেশ শিশু একাডেমির সহযোগিতায় পদক্ষেপ বাস্তবায়ন করছে “সমাজভিত্তিক সমন্বিত শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং সাঁতার প্রদান (আইসিবিসি) প্রকল্প”। প্রকল্পের আওতায় বিভিন্ন

জেলায় নিয়মিতভাবে ক্লাস্টার সভা অনুষ্ঠিত হচ্ছে, যেখানে যত্নকারী, সহকারী যত্নকারী ও সংশ্লিষ্ট কমিটির সদস্যরা অংশ নিয়ে কেন্দ্র পরিচালনার অভিজ্ঞতা, সমস্যা ও সমাধান নিয়ে আলোচনা করেন। এরই অংশ হিসেবে গত ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে লক্ষ্মীপুর জেলায় মাসিক ক্লাস্টার সভা অনুষ্ঠিত হয়। সভায় কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির

মাধ্যমে শিশুযত্ন কেন্দ্র শিশুদের উপস্থিতি, কার্যক্রমে অংশগ্রহণ, ঝরে পড়া রোধ এবং প্রারম্ভিক বিকাশ বিষয়ক সচেতনতা বৃদ্ধির উপর আলোকপাত করা হয়। এতে ২০-২৫ জন যত্নকারীর জন্য দিনব্যাপী একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। সভায় ইসিসিডি অফিসার শিশুর প্রারম্ভিক বিকাশ কার্যক্রম ও কেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনা বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। অন্যদিকে ২ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ভোলা জেলার লালমোহন উপজেলায় আরও ১টি ক্লাস্টার সভা অনুষ্ঠিত হয়। এখানে যত্নকারী ও সহকারী যত্নকারীদের নিয়ে শিশু যত্ন কেন্দ্র পরিচালনা, মাসিক প্রতিবেদন সংগ্রহ, শিশুদের নিরাপত্তা, আচরণ নিয়ন্ত্রণ, সমস্যা চিহ্নিতকরণ ও নির্যাতন প্রতিরোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পাশাপাশি গল্প, ছড়া, চারু ও কারুকাজসহ খেলাধুলার মাধ্যমে শিক্ষণ পদ্ধতি এবং প্রতিবন্ধী শিশুদের জন্য বিশেষ যত্ন প্রদানের বিষয়েও দিকনির্দেশনা দেওয়া হয়। সভায় কার্যক্রম সমন্বয়কারী, ইসিসিডি অফিসার ও কেন্দ্র সুপারভাইজাররা উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা প্রদান করেন। উক্ত ক্লাস্টার সভাগুলোর মাধ্যমে যত্নকারীরা তাদের অভিজ্ঞতা ব্যক্ত করার সুযোগ পান এবং শিশু যত্ন কেন্দ্রগুলোকে আরও বেশি আনন্দময়, নিরাপদ ও শিশু-বান্ধব পরিবেশে পরিচালনার প্রতিশ্রুতি প্রদান করেন।

গ্রাম ব্যবস্থাপনা কমিটির সভা



শিশুর সার্বিক বিকাশ, সুরক্ষা এবং প্রারম্ভিক শিক্ষার মানোন্নয়নে কমিউনিটি পর্যায়ের অংশগ্রহণ অপরিহার্য। বাংলাদেশ শিশু একাডেমির সহযোগিতায় পদক্ষেপ বাস্তবায়ন করছে “সমাজভিত্তিক সমন্বিত শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং সাঁতার প্রদান (আইসিবিসি) প্রকল্প”। প্রকল্পের আওতায় বিভিন্ন উপজেলায় গ্রাম ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে, যাতে অভিভাবক, কমিউনিটি প্রতিনিধি ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ শিশুযত্ন কেন্দ্রের কার্যক্রম উন্নয়নে সিদ্ধান্ত গ্রহণ করেন। গত ২৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে নরসিংদী জেলার

মনোহরদী উপজেলায় গ্রাম পর্যায়ে গ্রাম ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় শিশুদের নিয়মিত উপস্থিতি, কার্যক্রমে অংশগ্রহণ, ঝরে পড়া রোধ এবং প্রারম্ভিক বিকাশে অভিভাবকদের ভূমিকা নিয়ে আলোচনা করা হয়। সভায় শিশুযত্ন কেন্দ্রকে শুধুমাত্র যত্ন ও শিক্ষার জায়গা নয়, বরং একটি সেবাদানের কেন্দ্র হিসেবে গড়ে তোলার সিদ্ধান্ত নেয়া হয়। এজন্য জন্মনিবন্ধন, টিকাদান, চক্ষু ও কান পরীক্ষা, পানিতে ডুবে যাওয়া প্রতিরোধ এবং পুষ্টি বিষয়ক কার্যক্রমের সাথে কেন্দ্রকে যুক্ত করার সুপারিশ করা হয়। একই সাথে কেন্দ্রের আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে অভিভাবক

ও মা-বাবার সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা এবং তাদের সহযোগিতার মাধ্যমে কার্যক্রমকে আরও প্রাণবন্ত করার আহ্বান জানানো হয়। সভায় কার্যক্রম সমন্বয়কারী, কেন্দ্র সুপারভাইজার ও ইসিসিডি অফিসারবৃন্দ উপস্থিত থেকে সহযোগিতা প্রদান করেন।

অন্যদিকে, ৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ভোলা জেলার লালমোহন উপজেলাতে গ্রাম ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন প্রভাষক ড. মো. মহিউদ্দিন। সভায় শিশুদের উপস্থিতি, অংশগ্রহণ, ঝরে পড়া রোধ এবং সচেতনতা বৃদ্ধি নিয়ে বিস্তারিত আলোচনায় করা হয়। সভায় শিশুযত্ন কেন্দ্রগুলোকে জন্মনিবন্ধন, টিকাদান, চক্ষু ও কান পরীক্ষা, পানিতে ডুবে যাওয়া প্রতিরোধ ও পুষ্টি সেবা প্রদানের কেন্দ্র হিসেবে কার্যকর করার উপর জোর দেওয়া হয়। সভায় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ শিশু একাডেমির ‘আইসিবিসি’ প্রকল্পের সহকারী প্রকল্প ব্যবস্থাপক এ.টি.এম. আজিমুজ্জামান। সভায় অংশগ্রহণকারীরা অভিভাবক ও কমিউনিটিকে সম্পৃক্ততার মাধ্যমে শিশুর বিকাশ ও সুরক্ষা কার্যক্রম আরও শক্তিশালী করার জন্য মতামত প্রদান করেন।

দুই জেলার উক্ত সভা থেকে স্পষ্ট হয়েছে যে, গ্রাম ব্যবস্থাপনা কমিটির সক্রিয়তা শিশুযত্ন কেন্দ্রের কার্যক্রমকে কমিউনিটিভিত্তিক একটি টেকসই ও কার্যকর প্ল্যাটফর্মে রূপ দিতে সহায়তা করছে।



প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

বাংলাদেশ শিশু একাডেমির সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাবীন 'সমাজ ভিত্তিক সমন্বিত শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং সঁাতার প্রদান' প্রকল্পের আওতায় গত ০৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ভোলা জেলার লালমোহন উপজেলার শিশুযত্ন কেন্দ্রের কার্যক্রম পরিদর্শন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহ আজিজ। তিনি প্রকল্পের শিশুযত্ন কেন্দ্র পরিদর্শন করেন একই সাথে শিশুদের প্রারম্ভিক বিকাশ,

নিরাপত্তা, সুরক্ষা ও সেবা-যত্ন বিষয়ের আলোচনা করেন। এছাড়াও তিনি শিশুযত্ন কেন্দ্রে শিশুদের নিয়ে বিভিন্ন কার্যক্রমগুলো পরিদর্শন এবং উপস্থিত অভিভাবকদের সাথে মতবিনিময় করেন। এসময় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, সাংবাদিক ও প্রকল্পের সমন্বয়কারী, ইসিসিডি অফিসার, সুইম সুপারভাইজার, চাইল্ড কেয়ার সুপারভাইজার প্রমুখ উপস্থিত ছিলেন।



লেখা আহ্বান

পদক্ষেপ এ কর্মরত যে কেউ সংস্থা সংশ্লিষ্ট সংবাদ, অভিজ্ঞতা ও উপলব্ধির কথা বা শিক্ষণীয় বিষয়ের উপর সংক্ষিপ্ত আকারে লেখা পাঠাতে পারেন। মনোনীত লেখাগুলো প্রকাশ করা হবে।

সেপ্টেম্বর ২০২৫ মাসে ৩৫ জনকে নিয়োগ দিয়েছে 'পদক্ষেপ'

প্রধান কার্যালয়/ জোন/প্রোজেক্টের নাম	পদের নাম	কর্মস্থল	সংখ্যা	মন্তব্য
প্রধান কার্যালয়	যুগ্ম পরিচালক	প্রধান কার্যালয়	১	প্রোগ্রাম উইং এ নিয়োগ
	সিনি. সহকারী পরিচালক		১	মানব সম্পদ ও প্রশাসন বিভাগে নিয়োগ
	সিনিয়র ম্যানেজার		৩	অ্যানালিটিক্স এন্ড ডিজিটাল
	ম্যানেজার		১	ট্রান্সফরমেশন বিভাগে নিয়োগ
	ম্যানেজার		৩	মানব সম্পদ ও প্রশাসন বিভাগে নিয়োগ
	সেলসম্যান		১	প্রমিজ ফার্মেসিতে নিয়োগ
UPHCSDPII	নার্স	কক্সবাজার পৌরসভা	১	UPHCSDPII
ঢাকা উত্তর জোন	অফিস সহকারী	ডাঙ্গা	১	মাইগ্রেশন ইনস্যান্স প্রোগ্রাম
MF	CM-1/ABM (L)/ABM (AC)	বিভিন্ন জোন	২৩	মাইগ্রেশন ইনস্যান্স প্রোগ্রাম
মোট			৩৫	

সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত প্রশিক্ষণ পেয়েছে ২০১ জন

প্রশিক্ষণ শিরোনাম	অংশগ্রহণকারীর সংখ্যা	অংশগ্রহণকারীর পদবি	আয়োজনকারী
অভ্যন্তরীণ প্রশিক্ষণ			
'বেসিক ওরিয়েন্টেশন' (Induction)	১০	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে নতুন নিয়োগপ্রাপ্ত কর্মী	পদক্ষেপ
অগ্নিসংরক্ষণ ব্যবস্থা বিশ্লেষণ, ক্ষুদ্র উদ্যোগ ও উদ্যোক্তা উন্নয়ন	১২৭	এবিএম (লোন) পদে পদোন্নতির জন্য প্যানেলভুক্ত সিএম-০১ ও ০২	পদক্ষেপ
হিসাব ও আর্থিক ব্যবস্থাপনা	৬২	প্রশিক্ষণার্থী হিসেবে নিয়োগপ্রাপ্ত এবিএম (হিসাব)	পদক্ষেপ
বহি: প্রশিক্ষণ			
Human Resource Management	১	সহকারী ব্যবস্থাপক	পিকে.এস.এফ
The Art of Facilitation	১	সহকারী ব্যবস্থাপক	পিকে.এস.এফ
মোট	২০১		